# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৭০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১৭. সালাতে ভারসাম্য বজায় রাখার নির্দেশ প্রসঙ্গে

باب مَا يُؤْمَرُ بِهِ مِنَ الْقَصْدِ فِي الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ مَنْصُورٍ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ، قَالَ : سَأَلْتُ عَائِشَةَ كَيْفَ كَانَ عَمَلُ رَسُولِ اللَّهِ صلي الله عليه وسلم هَلْ كَانَ يَخُصُّ شَيْئًا مِنَ الأَيَّامِ قَالَتْ : لاَ، كَانَ كُلُّ عَمَلِهِ دِيمَةً، وَأَيُّكُمْ يَسْتَطِيعُ مَا كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَسْتَطِيعُ؟

ـ صحيح : ق

বাংলা

১৩৭০। আলকামাহ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা ’আয়িশাহ্ (রাঃ)-কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আমল সম্পর্কে জিজ্ঞেস করা হলো যে, তিনি ’ইবাদাতের জন্য কোনো বিশেষ দিনকে নির্ধারণ করতেন কিনা? তিনি বললেন, না। তিনি প্রতিটি আমল নিরবচ্ছিন্নভাবে পালন করতেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যা করতে সক্ষম ছিলেন, তোমাদের মধ্যে কেউ কি সেরূপ করতে সক্ষম?[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

## English

'Alqamah said:
'Aishah was asked about the actions of the Messenger of Allah (ﷺ). Did he perform some actions exclusively on some particular days ? She said: No, he performed his actions regularly. Which of you has the strength as much as the Messenger of Allah (ﷺ) had ?

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : সওম, হাঃ ১৯৮৭), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, অনুঃ তাহাজ্জুদ সালাত বা অন্যান্য ‘ইবাদাত স্থায়ীভাবে করার ফাযীলাত)।

-

তাহাজ্জুদ সালাত বিষয়ক (১৩০৪-১৩৭০ নং) হাদীসসমূহ হতে শিক্ষাঃ

১। তাহাজ্জুদ হচ্ছে রাতের নফল সালাত।

২। এ সালাত নিয়মিত পড়াটাই উত্তম।

৩। দাঁড়িয়ে এবং বসে দু’ ভাবেই এ সালাত আদায় করা যায়। তবে ওজর না থাকলে দাঁড়িয়ে পড়া ভালো।

৪। নিজ স্ত্রীকে সাথে নিয়ে তাহাজ্জুদ পড়া খুবই ফাযীলাতপূর্ণ কাজ।

৫। ঘুমের ঘোরে তাহাজ্জুদ পড়া অনুচিত। শরীরেরও হক রয়েছে। কাজেই এ অবস্থায় শরীরের উপর কষ্ট না দিয়ে কিছুক্ষণ ঘুমিয়ে নিবে কিংবা ঝিমনি দূর হলে সালাত আদায় করবে।

৬। তাহাজ্জুদের নিয়্যাত করার পর রাতে জাগ্রত হতে না পারলেও মহান আল্লাহ এর সওয়াব দান করবেন। এতে প্রমাণিত হয়, নেক কাজের নিয়্যাত করার পর তা না করতে পারলেও সওয়াব পাওয়া যায়।

৭। এ সালাত রাতের এক তৃতীয়াংশে আদায় করা উত্তম।

৮। তাহাজ্জুদের সালাত দু’ দু’ রাক‘আত করে আদায় করতে হয়।

৯। তাহাজ্জুদ সালাত শুরুর আগে সংক্ষেপে দু’ রাক‘আত সালাত আদায় করা যেতে পারে।

১০। তাহাজ্জুদ সালাতের ক্বিরাআত আস্তে এবং জোরে উভয়ভাবেই পড়া যায়। তবে কারো যেন অসুবিধা না হয় সে দিকে খেয়াল রাখা জরুরী।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আলকামাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58688

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন